প্রথম আলো

তারিখ 25 NOV 2017
পৃষ্ঠা 4 কলাম 2

# শিক্ষা ক্যাডারের কর্মকর্তাদের কর্মবিরতি কাল-পরশু

## জাতীয়করণ করা শিক্ষকদের নন-ক্যাডার রাখার দাবি

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●**

সদ্য জাতীয়করণ করা ও জাতীয়করণ হতে যাওয়া কলেজশিক্ষকদের বিসিএস ক্যাডারের বাইরে নন-ক্যাডার রাখার দাবিতে কাল রোববার ও পরদিন সোমবার সারা দেশে কর্মবিরতি পালন করবেন বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের কর্মকর্তারা।

ঢাকায় কেন্দ্রীয় শহীদ মিনারে গতকাল শুক্রবার বিসিএস সাধারণ শিক্ষা সমিতির ডাকে মহাসমাবেশ থেকে এই ঘোষণা দেওয়া হয়। এতে সারা দেশের সরকারি কলেজসহ বিভিন্ন দপ্তরে কর্মরত শিক্ষা ক্যাডারের কর্মকর্তারা অংশ নেন।

সমাবেশে সমিতির নেতারা বলেন, তাঁরা কলেজ জাতীয়করণের বিপক্ষে নন। তবে ওই সব কলেজের শিক্ষকদের তাঁরা কোনোভাবেই ক্যাডারে অন্তর্ভুক্তি মানবেন না। দাবি পূরণ না হলে পরে লাগাতার কর্মবিরতি, অনশনসহ আরও কঠোর কর্মসূচির হুমকি দিয়েছেন তাঁরা।

বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি আই কে সেলিম উল্লাহ খোন্দকারের সভাপতিত্বে মহাসম্মাবেশে সমিতির মহাসচিব শাহেদুল খবির চৌধুরীসহ বেশ কয়েকজন নেতা বক্তব্য দেন।

যেসব উপজেলায় কোনো সরকারি কলেজ নেই, সেখানে একটি করে বেসরকারি কলেজকে সরকারি করছে সরকার। ইতিমধ্যে কিছু কলেজকে সরকারি করা হয়েছে। আরও ২৮৩টি বেসরকারি কলেজ জাতীয়করণের জন্য তালিকাভুক্ত করা হয়েছে। এসব কলেজে মোট শিক্ষকের সংখ্যা প্রায় আট হাজার। এসব শিক্ষককে নন-ক্যাডারভুক্ত করার দাবিতে কয়েক মাস ধরে আন্দোলন করছেন বিসিএস সাধারণ শিক্ষা সমিতি।

শিক্ষা ক্যাডারের কর্মকর্তারা বলছেন, কঠিন প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে ক্যাডারভুক্ত হতে হয়। সেখানে জাতীয়করণের প্রক্রিয়ায় সরাসরি ক্যাডারভুক্ত হলে একদিকে ক্যাডার কর্মকর্তারা বৈষম্যের শিকার হবেন, অন্যদিকে এ নিয়ে কলেজশিক্ষায় একধরনের বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি হবে। এ জন্য তাঁরা চান জাতীয়করণ করা কলেজের শিক্ষকদের জন্য আলাদা নীতিমালা করে পদোন্নতি, পদায়ন করা হোক। অন্যদিকে জাতীয়করণ হওয়া শিক্ষকদের দাবি, যেহেতু সরকার কলেজগুলোকে সরকারি করেছে সুতরাং তাঁদের চাকরিও বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারে অন্তর্ভুক্ত করতে হবে।

কয়েক মাসের আন্দোলনের ধারাবাহিকতায় গতকাল মহাসমাবেশ করে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি। মহাসমাবেশে বিভিন্ন সরকারি কলেজের শিক্ষকেরা 'নো বিসিএস, নো ক্যাডার' লেখা টি-শার্ট পরে অংশ নেন। 'মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন ও জাতীয় শিক্ষানীতির আলোকে জাতীয়করণ করা কলেজের শিক্ষকদের ক্যাডার-বহির্ভূত করে বিধিমালা জারির দাবিতে' এই মহাসমাবেশ হয়।